

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৩৮৭

১৪. মানত ও শপথ অধ্যায় (كتاب النذور والأيمان)

পরিচ্ছেদঃ ১০. যে ব্যক্তির উপর একটি মু'মিন দাসী মুক্ত করার দায়িত্ব রয়েছে

بَابُ إِذَا كَانَ عَلَى الرَّجُلِ رَقَبَةٌ مُؤْمِنَةٌ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ
عَنْ الشَّرِيدِ قَالَ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ إِنَّ عَلَى أُمِّي رَقَبَةً وَإِنَّ عِنْدِي
جَارِيَةً سُودَاءَ نُوبِيَّةً أَفْتَجِزِي عَنْهَا قَالَ ادْعُ بِهَا فَقَالَ أَتَشْهَدِينَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَتْ نَعَمْ
قَالَ أَعْتَقَهَا فَإِنَّهَا مُؤْمِنَةٌ

বাংলা

২৩৮৭. শারিদ রাহিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললাম: আমার মায়ের উপর একটি দাসমুক্তি ওয়াজিব ছিল। এখন আমার একটি 'নুয়াইবী (সুদান অঞ্চলের) কালো দাসী রয়েছে। (আমি যদি তাকে মুক্ত করি,) তবে তা আমার মায়ের পক্ষ হতে যথেষ্ট হবে কি? তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকে আমার কাছে ডেকে নিয়ে এসো। (তাকে নিয়ে আসলে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞাসা করেনঃ তুমি কি এ কথার সাক্ষ্য দাও যে, আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই? সে বলেঃ হ্যাঁ। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকে আযাদ করে দাও; সে মুমিন।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান, মুহাম্মদ ইবনু আমর এর কারণে।

তাখরীজ: আমরা এর তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৩৪২ ও মাওয়ারিদুয যাম'আন নং ১১৮৪ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82670>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন